# আজ রাষ্ট্রপতি নির্বাচনে ফখরুল-অলির মনোনয়নপত্র যাচাই




ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনে অংশ নিতে জমা দেওয়া প্রার্থীদের মনোনয়নপত্র আজ রোববার (১৬ আগস্ট) যাচাই করবে নির্বাচন কমিশন (ইসি)। বিএনপি ও সমমনা দলগুলোর মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং ১১ দলীয় জোটের প্রার্থী এলডিপি চেয়ারম্যান অলি আহমদের মনোনয়নপত্র এদিন পরীক্ষা করা হবে।

ইসি কর্মকর্তারা জানিয়েছেন, নির্বাচন ভবনে সকাল ১০টা থেকে মনোনয়নপত্র যাচাইয়ের কার্যক্রম শুরু হবে। প্রয়োজনীয় পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলবে বলে জানিয়েছেন ইসি সচিব আখতার আহমেদ।

তিনি জানান, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য মোট তিনটি মনোনয়নপত্র জমা পড়েছে। এর মধ্যে অলি আহমদের নামে দুটি এবং মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নামে একটি মনোনয়নপত্র রয়েছে।

LENS ASIA

মনোনয়নপত্র যাচাইয়ের সময় সংসদ সচিবালয়ের একজন প্রতিনিধি উপস্থিত থাকবেন। অলি আহমদের নামে দুটি মনোনয়নপত্র জমা দেওয়ার বিষয়ে জানতে চাইলে ইসি সচিব বলেন, যাচাইয়ের সময় প্রথম মনোনয়নপত্রে কোনো সমস্যা পাওয়া গেলে পরবর্তী মনোনয়নপত্রটি পরীক্ষা করা হবে।

নির্বাচনের তফসিল অনুযায়ী, প্রার্থিতা প্রত্যাহারের শেষ সময় ১৮ আগস্ট বিকেল ৪টা। এরপর আগামী ২০ আগস্ট ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে।

১৯৯১ সালের পর এবারই প্রথম রাষ্ট্রপতি পদে সরাসরি ভোটের আয়োজন হতে যাচ্ছে। এর আগে গত ২৪ জুলাই ২২তম রাষ্ট্রপতি অসুস্থতার কারণ দেখিয়ে পদত্যাগ করেন। পরে রাষ্ট্রপতির পদ শূন্য হওয়ায় গত ৬ আগস্ট নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।